

ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের প্রধান শিক্ষক, এডমিন সহ ১৪ জন শিক্ষক/শিক্ষিকা গণিত বিষয়ের উপর এক ট্রেনিং -এ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ পরিচালনা করেন, সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ এর গণিত শিক্ষক ও মাস্টার ট্রেনার মি. রতন কুমার পাল। প্রধান শিক্ষক মি. আনন্দ চৌধুরী সার্বজনীন প্রার্থনার মাধ্যমে প্রশিক্ষণ শুরু করেন। তিনি তাঁর স্বাগত বক্তব্যে অধ্যাপক প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্য বলেন। প্রশিক্ষক মি. রতন কুমার পাল প্রথমে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২৩ এর আলোকে গণিত বিষয়ের উপর বিভিন্ন দিক তুলে ধরেন। পর্যায়েক্রমে তিনি নতুন কারিকুলামের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির গণিত বিষয়ের পাঠদান পদ্ধতি ও এর অধ্যয়নভিত্তিক ধারাবাহিক মূল্যায়নের ছক তুলে ধরেন। শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা **Performance Indicator (PI)** এর নিয়ম ও পদ্ধতি বুঝিয়ে দেন। পরিশিষ্ট ১, ২ সহ সব অধ্যায়ের মানদণ্ডে শিক্ষকগণ কিভাবে শিক্ষার্থীর একক যোগ্যতা, পারদর্শিতার সূচক ও পারদর্শিতার মাত্রা (চতুর্ভুজ, বৃত্ত ও ত্রিভুজ) ও অন্যান্য গুরুত্বপূর্ণ দিক হবে তা শিক্ষকদের বুঝিয়ে দেন। প্রতিটি অভিজ্ঞতার পারদর্শিতার সূচক এর প্রতিটি অধ্যায়ে কেমন করে বাস্তবধর্মী শিখন কার্যক্রম পরিচালনা ও মূল্যায়ন করা হবে তা অবিকল ভাষায় ও বিভিন্ন উদাহরণসহ বিস্তারিত আলোচনা করেন। শিক্ষকগণও কোনো বিষয় না বুঝলে নানা রকম প্রশ্নতোরের মাধ্যমে তা বুঝে নেন। বিবিধতে মি. রতন কুমার পাল বলেন যে, নতুন কারিকুলামের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির সকল বিষয়ের পাঠদান পদ্ধতি ভিন্ন হলেও এর অধ্যয়নভিত্তিক ধারাবাহিক মূল্যায়নের ছক একই। তিনি আরও বলেন প্রতিটি বিষয়ে যে বই রয়েছে ও শিক্ষক সহায়িকা, T.G. তা শিক্ষকগণ অনুসরণ করে তার ধারাবাহিক মূল্যায়ন করতে পারবেন। ধারাবাহিক মূল্যায়নের প্রতিটি ছক স্কুল কর্তৃক প্রদান করা হবে যা শিক্ষকগণ প্রতিটি অধ্যায়ের মূল্যায়নের শেষে পূরণ করবেন। শিক্ষামন্ত্রনালয় যখন অ্যাপস্ দিবেন তখন এই ধারাবাহিক মূল্যায়নের মাত্রা ব্যবহার করতে হবে। শিক্ষকগণ বলেন যে, এবার তাঁরা নতুন কারিকুলামের পরিবর্তিত বিষয়গুলো বিস্তারিত অনুধাবন করেছেন যা তাদের শিখন শিখায় ব্যবহার করবেন।

পরিশেষে প্রধান শিক্ষক সকলকে ধন্যবাদ দেন। তিনি বিশেষভাবে ধন্যবাদ দেন প্রশিক্ষক মি. রতন কুমার পালকে এত প্রানবন্দ একটি প্রশিক্ষণ পরিচালনা করার জন্য। তিনি বলেন যে, এবারের প্রশিক্ষণ ছিল খুবই কার্যকর ও যুগোপযোগী।